


-ঃ খেয়াঘাট ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তিঃ-

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলা পরিষদের মালিকানাধীন (০১) কেয়ারগাতি (০২) কাকবাসিয়া (০৩) গদাইপুর (০৪) চেউটিয়া (০৫) ঝাপালী-মাদারবাড়ীয়া (০৬) কালিগঞ্জ বাজার (০৭) বন্যাতলা (০৮) খুন্সাকাটা (০৯) চেটাপুকুর (১০) ঘোলা-হিজলা-কল্যাণপুর (১১) কালিকাপুর-নাছিমাবাদ (১২) কুলতলী (১৩) বুধহাটা (১৪) কোলা-গোরালী (১৫) দমদম-নাজিমগঞ্জ (১৬) ঝাপা হসপিটাল-দক্ষিণ বড় কুপট মন্দির (১৭) নওয়াবেকী-গড়কুমারপুর ও (১৮) হাজারাখালী বিছট মোট ১৮(আঠারো) টি খেয়াঘাট বাংলা ১৪৩২ সালের ০১ বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ তফশীলে বর্ণিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা ও এলজিইডি, সাতক্ষীরাতে রক্ষিত বাঞ্জে দাখিল করা যাবে এবং ঐ দিন তফশীল বর্ণিত সময়ে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে খোলা হবে। দরপত্র পর্যালোচনায় ১ম, ২য় ও ৩য় দফায় নিম্নবর্ণিত তারিখ ও সময়ে দাখিল করা যাবে। দরপত্র দাখিলের পদ্ধতি এবং বিস্তারিত তথ্য সম্বলিত দরপত্রের সিডিউল নিম্নস্বাক্ষরকারীর অফিস, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা এবং এলজিইডি, সাতক্ষীরা হতে নগদ নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো- ব্যতিরেকেই দাখিলকৃত যে কোন অথবা সকল দরপত্র বাতিল বা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন। ইহা সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি। বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালিন নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে জানা যাবে।

তফশীল ঃ

ক্রমিক নং /দফা	দরপত্র দলিল ক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম দফা	১৬-০৩-২৫ ইং বিকাল ৩.৩০টা	১৭-০৩-২৫ ইং দুপুর ১.০০টা	১৭-০৩-২৫ইং বিকাল ২.০০টা
২য় দফা	২৩-০৩-২৫ ইং বিকাল ৩.৩০টা	২৪-০৩-২৫ ইং দুপুর ১.০০টা	২৪-০৩-২৫ইং বিকাল ২.০০টা
৩য় দফা	০৬-০৪-২৫ ইং বিকাল ৫.০০টা	০৭-০৪-২৫ ইং দুপুর ১.০০টা	০৭-০৪-২৫ইং বিকাল ২.০০টা

১ম বার যে সকল খেয়াঘাটের দরপত্র সন্তোষজনক হবে, সেগুলি অনুমোদনের জন্য রাখা হবে ও যে সকল খেয়াঘাটের দরপত্র সন্তোষজনক হবে না, সেগুলি পুনরায় ২য় বার নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ করা হবে এবং তা উপস্থিত সকলকে জানিয়ে দেয়া হবে। অনুরূপভাবে একই পদ্ধতিতে প্রয়োজন অনুসারে ৩য় বার পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে। এক্ষেত্রে পুনরায় কোন দরপত্র বিজ্ঞপ্তি জারি করা হবে না।


০৫.০৬.২০২৫


ডা.সজ্জীব দাশ
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, সাতক্ষীরা।

স্মারক নং-চার-৩০/জেপসা/২০২৪-২০২৫/১০২

তারিখঃ ০৫-০৩-২০২৫ খ্রি।।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১। সচিব,স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার,খুলনা বিভাগ,খুলনা।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ০৫। পুলিশ সুপার,সাতক্ষীরা।
- ০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার,সাতক্ষীরা।
- ০৭। নির্বাহী প্রকৌশলী,এলজিইডি, সাতক্ষীরা।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার,.....উপজেলা(সকল),সাতক্ষীরা।
- ০৯। জেলা তথ্য অফিসার, সাতক্ষীরা- বিজ্ঞপ্তিটি বহুল প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। সহকারী কমিশনার(ভূমি),.....উপজেলা(সকল),সাতক্ষীরা।
- ১১। সাব-রেজিস্টার, কালিগঞ্জ/ শ্যামনগর/ আশাশুনি, সাতক্ষীরা।
- ১২। অফিসার ইনচার্জ,.....থানা(সকল),সাতক্ষীরা।
- ১৩। গোপনীয় সহকারী টু প্রশাসক, জেলা পরিষদ, সাতক্ষীরা(প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪। জনাব,মাহবুবর রহমান,বার্তা বাহক,জেলা পরিষদ,সাতক্ষীরা-তাকে ইজারা বিজ্ঞপ্তিটি মাইকিংসহ বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১৫। জনাব.....।
(প্রাক্তন ইজারাদার)
- ১৬। নোটিশ বোর্ড
- ১৭। অফিস কপি।


০৫.০৬.২০২৫

প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, সাতক্ষীরা।